


১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com




শুক্রবার | ঝিনাইদহসহ খুলনা বিভাগীয় সংস্করণ | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৯৪ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৩ শ্রাবণ ১৪৩০ ॥ ০৯ মহররম ১৪৪৫ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ২৮ জুলাই ২০২৩

## প্রধানমন্ত্রী দেশে ফিরেছেন

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘ খাদ্য ব্যবস্থা সামিট+২ স্টকটেকিং মোমেন্টে অংশগ্রহণ শেষে আজ প্রথম প্রহরে ইতালি থেকে দেশে ফিরেছেন। প্রধানমন্ত্রী ও তাঁর সফরসঙ্গীদের বহনকারী কাতার এয়ারওয়েজের একটি নিয়মিত ফ্লাইট কাতারের দোহায় হামাদ আন্তর্জাতিক বিমানবন্দরে এক ঘণ্টার বেশি যাত্রা বিরতির পর রাত ১টা ৫০ ২-এর পাতায় দেখুন



## সজীব ওয়াজেদ জয়ের নেতৃত্বে দেশে আজ প্রযুক্তি-নির্ভর অর্থনীতি বিকাশমান

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগ সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতু মন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তিবিদ সজীব ওয়াজেদ জয়ের নেতৃত্বে দেশে আজ প্রযুক্তি-নির্ভর অর্থনীতি বিকাশমান। ডিজিটাল ২-এর পাতায় দেখুন



## নিঃশর্ত ক্ষমা চেয়ে অব্যাহতি পেলেন কক্সবাজারের দায়রা জজ

**নিজস্ব প্রতিবেদক :** আইনশৃঙ্খলায় বিঘ্ন ঘটানোর অভিযোগে করা এক মামলায় আসামিদের জামিন দেওয়ার বিষয়ে নিঃশর্ত ক্ষমা চেয়ে অভিযোগ থেকে অব্যাহতি পেয়েছেন কক্সবাজারের দায়রা জজ। তবে আসামিদের দেওয়া যে জামিন আদেশ ঘিরে দায়রা জজকে ব্যাখ্যা দিতে ডাকা ৩-এর পাতায় দেখুন



## ২৩ শর্তে আ. লীগ ও বিএনপিকে সমাবেশের অনুমতি দিলো ডিএমপি

**নিজস্ব প্রতিবেদক :** ২৩ শর্তে আওয়ামী লীগ ও বিএনপিকে সমাবেশের অনুমতি দিয়েছে ডিএমপি। ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি) কমিশনার খন্দকার গোলাম ফারুক বলেছেন, সম্মান প্রদর্শন করে আওয়ামী লীগের তিন অঙ্গ সংগঠন ও বিএনপিকে সমাবেশ করার অনুমতি দেওয়া হয়েছে।

আওয়ামী লীগের তিন অঙ্গ সংগঠনকে বায়তুল মোকাররম দক্ষিণ গেটে ও বিএনপিকে পল্টন দলীয় কার্যালয়ে সমাবেশ করার অনুমতি দেওয়া হচ্ছে বলে জানান তিনি। গতকাল বিকেল ৪টায় ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে সমাবেশের এ সিদ্ধান্ত জানান তিনি। এসময় উপস্থিত ছিলেন- ডিএমপির অতিরিক্ত কমিশনার (অ্যাডমিন) এ কে এম হাফিজ আক্তার, অতিরিক্ত ২-এর পাতায় দেখুন

# সমঝোতার তিন ‘ফর্মুলা’

**নিজস্ব প্রতিবেদক :** রাজনীতি যেমন উত্তপ্ত এবং সংঘাতময় হয়ে ওঠছে, তেমনি সমঝোতার পথও আস্তে আস্তে খুলছে। একদিকে যেমন আওয়ামী লীগ, বিএনপি অনড় রাজনৈতিক অবস্থানে রয়েছে, উভয় দলের পক্ষ থেকে কূটনৈতিক পাড়ায় যোগাযোগ করা হচ্ছে, ঠিক তেমনি দুটি প্রধান রাজনৈতিক দলও সমঝোতার পথেই হাটবেন বলে কূটনৈতিক মহল মনে করছেন। কূটনৈতিক মহল আগামীকালের সমাবেশের পর আবার রাজনৈতিক সংলাপ এবং সমঝোতার আহবান জানাবেন বলে সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে এবং এই সমঝোতার জন্য কূটনৈতিক পাড়ায় তিনটি প্রস্তাব রাখা হয়েছে। একাধিক সূত্রগুলো বলছে, মার্কিন যুক্তরাষ্ট্রসহ বিভিন্ন কূটনৈতিক দেশ তাদের স্ব স্ব অবস্থান থেকে একটি রাজনৈতিক সমঝোতার লক্ষ্যে কাজ করছে। মার্কিন যুক্তরাষ্ট্র এবং পশ্চিমা দেশগুলো যেমন একটি নির্দিষ্ট বলয় থেকে রাজনৈতিক সমঝোতার চেষ্টা করছে, তেমনি ভারত তার নিজস্ব উদ্যোগে আগামী জাতীয় সংসদ নির্বাচনে অশ্চিয়তার মেঘ কাটানোয় বিভিন্ন তৎপরতা গ্রহণ করেছে। চীনও বসে নেই, চীনও বিভিন্ন রাজনৈতিক দলের সঙ্গে আলাপ-আলোচনা করছে, তাদের প্রধান লক্ষ্য হলো- বাংলাদেশ



যেন কখনোই মার্কিন প্রভুত্বের ভূমি হিসেবে পরিগণিত না হয়। আর এ কারণেই বিভিন্ন রকম রাজনৈতিক ফর্মুলা নিয়ে তৎপর দেশগুলো। তারা বিভিন্ন রাজনৈতিক দলগুলোর সাথে কথা বলছে। ধারণা করা হচ্ছে, আগামীকালের দুই দলের সমাবেশের পর এ তৎপরতা আরও প্রকাশ্য রূপ নিতে পারে। মার্কিন যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা দেশগুলো অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনের কথা বললেও তারা নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের দাবিকে সমর্থন করেনি। বরং তারা মনে করছে, বাংলাদেশে একটি অর্থপূর্ণ অংশগ্রহণমূলক নির্বাচনের পথ সেই দেশের জনগণকেই ঠিক করতে হবে এবং এই জন্য রাজনৈতিক দলগুলোকেই উদ্যোগ নিতে হবে। তারা রাজনৈতিক সংলাপকে স্বাগত জানিয়েছে এবং সংলাপে উদ্যোক্তা হবে না বলেও জানিয়ে দিয়েছে। আনুষ্ঠানিকভাবে এসব কথা বলার পরও তারা নির্দলীয়, নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের একটি বিকল্প ফর্মুলা কি হতে পারে- তা নিয়ে বিভিন্ন অংশীজনের সঙ্গে কথা বলেছে এবং সেই সমস্ত আলাপ-আলোচনার প্রেক্ষিতে, তারা তিনটি সমঝোতার ফর্মুলা তৈরি করেছে বলে ধারণা করা হচ্ছে। এই সমঝোতার ফর্মুলা যদি ৩-এর পাতায় দেখুন

## পুলিশের ২০ কর্মকর্তার পরিদর্শক পদে পদোন্নতি

**নিজস্ব প্রতিবেদক :** বাংলাদেশ পুলিশের সাব-ইন্সপেক্টর থেকে পুলিশ পরিদর্শক পদে পদোন্নতি পেয়েছেন ২০ কর্মকর্তা। বৃহস্পতিবার (২৭ জুলাই) পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) চৌধুরী আবদুল্লাহ আল-মামুন স্বাক্ষরিত এক প্রজ্ঞাপনে এ পদোন্নতি প্রদান করা হয়। প্রজ্ঞাপনে বলা হয়েছে, পদোন্নতিপ্রাপ্তদের মধ্যে সাব-ইন্সপেক্টর (নিরস্ত্র) থেকে পরিদর্শক (নিরস্ত্র) ৯ জন, সাব-ইন্সপেক্টর (সশস্ত্র) থেকে পরিদর্শক (সশস্ত্র) ৮ ও পুলিশ সার্জেন্ট থেকে পরিদর্শক (শহর ও যানবাহন) পদে তিনজনসহ মোট ২০ কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া হয়েছে। এর আগে, মঙ্গলবার (২৫ জুলাই) পদোন্নতিতে শূন্য পদ না থাকলেও ‘সুপার নিউমারারি’ পদ তৈরি করে ৫২৯ কর্মকর্তাকে পদোন্নতি দেওয়া সিদ্ধান্তের কথা জানানো হয়। ৩-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে স্বেচ্ছাসেবক লীগের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে নানা কর্মসূচীর মধ্য দিয়ে পালিত হয়েছে বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ২৯ তম প্রতিষ্ঠা বার্ষিকী। জেলা স্বেচ্ছাসেবক লীগের আয়োজনে বৃহস্পতিবার সকালে জেলা আওয়ামী লীগের কার্যালয় থেকে একটি র‍্যালী বের করা হয়। ২-এর পাতায় দেখুন

## ঝিনাইদহ পৌরসভায় ১১৯ কোটি ৩০ লাখ টাকার বাজেট ঘোষনা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ পৌরসভায় ২০২৩-২৪ অর্থ বছরের বাজেট ঘোষণা করা হয়েছে। বৃহস্পতিবার বিকেলে পৌরসভার ভাষা সৈনিক মুসা মিয়া আইসিটি ইনকিউবেটর এন্ড ল্যাঙ্গুয়েজ সেন্টারে এ উন্মুক্ত বাজেট ঘোষনা করেন পৌর মেয়র কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল। নতুন অর্থ বছরে ১১৯ কোটি ৩০ লাখ ৩ হাজার ৩’শ ৪৪ টাকার বাজেট ঘোষণা করেন তিনি।



বাজেট অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহের স্থানীয় সরকারের উপ-পরিচালক ইয়ারুল ইসলাম। এছাড়াও পৌরসভার সংস্থাপন ও অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সাইফুল ইসলাম মধু, পৌর নির্বাহী কর্মকর্তা মুস্তাক আহমেদ, নির্বাহী প্রকৌশলী কামাল হোসেন, হিসাব রক্ষণ কর্মকর্তা বি এম আব্দুল মজিদসহ কাউন্সিলররা ২-এর পাতায় দেখুন

## উন্নত বাংলাদেশ গড়তে সবাইকে সম্পৃক্ত করতে হবে

### -- স্থানীয় সরকার মন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** ২০৪১ সালের মধ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নত বাংলাদেশ গড়ার লক্ষ্যে স্থানীয় সরকার ব্যবস্থার সাথে দেশের প্রত্যেকটি মানুষকে সম্পৃক্ত করতে হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী তাজুল ইসলাম। তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা স্থানীয় সরকার ব্যবস্থার অন্যতম স্তর ঐতিহ্যবাহী জেলা পরিষদকে কার্যকর করার জন্য আইন ও বিধিমালাতে সংশোধন এনেছেন। ৩-এর পাতায় দেখুন



## শৈলকুপায় স্বামীর দেওয়া আগুনে ঝলসে গেছে ঋতুর শরীর

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের শৈলকুপায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে গত ১৫ তারিখ দুপুর থেকে আগুনে পুড়া ক্ষত নিয়ে চিকিৎসা নিচ্ছে ঋতু(১৮) নামের এক নারী। ঋতু ও তার মায়ের কাছ থেকে ২-এর পাতায় দেখুন

## আগামী মাসেই শুরু হবে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম

### -- জনপ্রশাসন প্রতিমন্ত্রী



**মেহেরপুর প্রতিনিধি:** জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন আগামী মাসেই শুরু হবে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম। এই মাসের মধ্যেই আমরা একজন ভিসি নিয়োগ দিবো, কয়েকদিনের ভিতরেই তিনজনের নাম পাঠানো হবে। মাননীয় প্রধানমন্ত্রী একজনের নাম সিলেক্ট করবেন। এবং এই মাসের মধ্যেই ভিসি নিয়োগের কাজ সম্পন্ন হবে আগামী মাস থেকে মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম শুরু হবে। মেহেরপুরের মুজিবনগরে জনতা ব্যাংকের ৯২৬তম শাখার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য এসব কথা বলেন তিনি। মুজিবনগর এর জনতা ব্যাংকের ৯২৬ তম শাখার উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে উপজেলার কেদারগঞ্জ বাজার ২-এর পাতায় দেখুন



## কলারোয়ায় ১৩ মামলার আসামী জামায়াত নেতা আহম্মদ আলী গ্রেফতার

**সোহাগ হোসেন সাতক্ষীরা :** কলারোয়ার জামায়াত নেতা মাওলানা আহম্মদ আলীকে গ্রেপ্তার করেছে পুলিশ। বুধবার দিবাগত রাতে কলারোয়া প্রাণিসম্পদ মোড়ের একটি কম্পিউটার দোকান থেকে পুলিশ তাকে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আহম্মদ আলী (৫৫) উপজেলার কেঁড়াগাছি ইউনিয়নের গোয়ালচাতর গ্রামের মৃত নুর আলীর ছেলে। ২-এর পাতায় দেখুন

**চুয়াডাঙ্গা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল’র সফল অভিযান**

## হারিয়ে যাওয়া ১৩ টি মোবাইল ও খোয়া যাওয়া ৯১ হাজার টাকা উদ্ধার

**চুয়াডাঙ্গা প্রতিনিধি:** তথ্য প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে সাফল্য ও উদ্ধার কার্যক্রম অব্যাহত রেখেছে চুয়াডাঙ্গা জেলা পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেল। বিভিন্ন সময় হারিয়ে যাওয়া ১৩ টি স্মার্ট ফোন ও মোবাইল ব্যাংকিং থেকে খোয়া যাওয়া ৯১ হাজার টাকা উদ্ধার করে মালিকদের কাছে হস্তান্তর করেছে। বৃহস্পতিবার বিকেলে পুলিশ সুপারের সম্মেলন কক্ষে এ উপলক্ষে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়। সেসময় পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন, অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) ২-এর পাতায় দেখুন





## যশোরে ডিবি পুলিশের পৃথক অভিযানে মাদকসহ আটক ৩

**এস আর নিরব, যশোর :** যশোরে ডিবি পুলিশের দুইটি আলাদা অভিযানে ৫০পিচ ইয়াবা ও এক কেজি গাঁজাসহ তিন মাদক কারবারিকে আটক করা হয়েছে। আটক তিনজন হলেন, অভয়নগর গুয়াখোলা এলাকার মৃত রাজা মোল-ার ছেলে মামুন মোল্লা মজিদ (৪৫), ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে দুই দিন ব্যাপী উপজেলা সাহিত্য মেলার উদ্বোধন

**মহেশপুর প্রতিনিধি :** সাহিত্যিকদের সৃষ্টিকর্ম জাতীয় পর্যায়ে তুলে ধরার লক্ষ্যে ঝিনাইদহের মহেশপুরে দুই দিন ব্যাপী সাহিত্য মেলার উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে উপজেলা প্রশাসনের আয়োজনে সরকারি পাইলট মডেল মাধ্যমিক বিদ্যালয় মাঠে বেলুন উরিয়ে এ মেলার উদ্বোধন করেন প্রধান অতিথি ঝিনাইদহ জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।



মহেশপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা নয়ন কুমার রাজবংশীর সভাপতিত্বে অনুষ্ঠিত দুই দিন ব্যাপী সাহিত্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান বক্তার বক্তব্য রাখেন ঝিনাইদহ কেসি কলেজের সাবেক অধ্যক্ষ ড. বি এম রেজাউল করিম। বিশেষ অতিথির বক্তব্য রাখেন মহেশপুর উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাজ্জাদুল ইসলাম সাজ্জাদ, পৌর মেয়র আব্দুর রশিদ খান, ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২-এর পাতায় দেখুন

## স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে নিরাপদ মাছ উৎপাদন করতে হবে

### -- প্রাণিসম্পদমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মৎস্য খাত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে জানিয়েছেন মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী শ ম রেজাউল করিম। তিনি বলেন, মৎস্য খাত আজ আর গতানুগতিক কোনো বিষয় নয়। মৎস্য খাতে স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে নিরাপদ মাছ উৎপাদন করতে হবে। প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মাছের খাদ্য উপাদান, মাছ চাষের জন্য জলাশয়ের পানির উপাদান সব নিরাপদ রাখতে হবে। মৎস্য খাতের প্রতিটি পর্যায়ে স্মার্ট পদ্ধতি, ৩-এর পাতায় দেখুন

## দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তার বিরুদ্ধে পরিচ্ছন্নতাকর্মীর বেতনের টাকা আত্মসাতের অভিযোগ

**দামুড়হুদা প্রতিনিধি :** ঃচুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা মোছা রাফেজা খাতুনের বিরুদ্ধে কার্যালয়ের পরিচ্ছন্নতাকর্মীর বেতনের প্রায় অর্ধলাখ টাকা আত্মসাতের অভিযোগ উঠেছে। গত দেড় বছর যাবত তিনি ভুক্তভোগী ওই পরিচ্ছন্নতাকর্মীর বেতনের প্রায় আশি ভাগ অর্থ আত্মসাৎ করে আসছেন বলে অভিযোগ রয়েছে। চাকরি হারানোর ভয়ে মুখ খুলেন না ওই ভুক্তভোগী।

তথ্যনুসন্ধানে জানাগেছে, প্রায় তিন বছর পূর্বে দামুড়হুদা উপজেলা সদরের কোষাঘাটা গ্রামের মাঝেরপাড়ার মৃত. মনিরুদ্দিনের স্ত্রী জাহানারা খাতুন(৫০) দামুড়হুদা উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ে পরিচ্ছন্নতাকর্মী হিসেবে কাজ শুরু করেন। তিনি ওই কার্যালয়ে কাজের জন্য কত টাকা পারিশ্রমিক পেতে পারেন তা জানতেন না। ২০২২সালের জানুয়ারি মাস পর্যন্ড় পূর্বের কর্মকর্তারা তাকে মাস শেষে কখনো ১হাজার আবার কখনো দেড় হাজার বা দৈনিক ১শত টাকা করেও দিয়ে আসছিলেন। ২০২২সালের জানুয়ারি মাসে উপজেলা আনসার ভিডিপির কর্মকর্তা হিসেবে যোগদান করেন মোছা রাফেজা খাতুন। ওই বছরের জুন মাস পর্যন্ত পরিচ্ছন্নতাকর্মী ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গার নবাগত জেলা প্রশাসক ড. কিসিঞ্জার চাকমার মত বিনিময়



**নিজস্ব প্রতিবেদক :** গতকাল চুয়াডাঙ্গা জেলার সম্মানিত বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধি, রাজনৈতিক নেতৃবৃন্দ, ব্যবসায়ী, বিভিন্ন পেশাজীবী সংগঠনের নেতৃবৃন্দ, সুশীল সমাজের প্রতিনিধি, সাংবাদিক এবং জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দের সাথে পরিচিতি ও মতবিনিময় সভা করেন ড. কিসিঞ্জার চাকমা, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা। এসময় তিনি স্মার্ট চুয়াডাঙ্গা বিনির্মাণে সকলের সহযোগিতা প্রত্যাশা করেন।

## হরিণাকুন্ডুতে ভ্রাম্যমাণ আদালতে ৩ ফার্মেসিতে জরিমানা



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে ড্রাগ লাইনেন্স না থাকা, মেয়াদ উত্তীর্ণ ঔষধ রাখাসহ বিভিন্ন অপরাধে ৩ টি ফার্মেসীতে জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। বৃহস্পতিবার দুপুরে উপজেলা ২-এর পাতায় দেখুন

## চুয়াডাঙ্গায় অসহায় প্রতিবন্ধী মানুষের পাশে এম এ রাজ্জাক খান

**এম এ মতিন, চুয়াডাঙ্গা :** চুয়াডাঙ্গা পৌর এলাকার সিএন্ডবি পাড়ার এ শারীরিক প্রতিবন্ধী ব্যক্তির পাশে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন মিনিস্টার মাই ওয়ান গ্রুপের চেয়ারম্যান, বাংলাদেশ কেন্দ্রীয় আওয়ামী লীগের অর্থ ও পরিকল্পনা উপ-কমিটির সদস্য, এফ বি সি সি আই’র সহ-সভাপতি এম এ রাজ্জাক খান রাজ। গতকাল শারীরিক প্রতিবন্ধী মোহাম্মদ এসকেন্দার আলীর বাড়িতে পৌঁছে দেন চাউল, ডাউল, আটা তেলসহ খাদ্য সামগ্রী। রাজ্জাক খানের পক্ষ থেকে চুয়াডাঙ্গা পৌর শাখার ১নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও সাংবাদিক এম এ মতিন, দপ্তর সম্পাদক মঃ রমজান আলী পিন্টু, সহ-সাংগঠনিক সম্পাদক ২-এর পাতায় দেখুন



১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক
# এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

শুক্রবার ২৮ জুলাই ২০২৩

# এসএসসির ফল প্রকাশ আজ



**স্টাফ রিপোর্টার :** মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও সমমান পরীক্ষার ফল আজ শুক্রবার প্রকাশিত হবে। এদিন সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফল ঘোষণা করবেন। এরপর বেলা ১১টায় রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি ফলাফলের বিস্তারিত পরিসংখ্যান তুলে ধরবেন। গতকাল বৃহস্পতিবার শিক্ষা মন্ত্রণালয় এসব তথ্য জানায়। রেওয়াজ অনুযায়ী, শিক্ষা বোর্ড চেয়ারম্যানদের সঙ্গে নিয়ে শিক্ষামন্ত্রী প্রধানমন্ত্রীর কাছে ফলাফলের অনুলিপি হস্তান্তর করবেন। আন্তঃশিক্ষা বোর্ড সমন্বয় কমিটির সভাপতি ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক তপন কুমার সরকারবলেন, প্রধানমন্ত্রীর হাতে ফলাফল তুলে দেওয়া হবে সকাল ৯টায় গণভবনে। এরপর আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটে শিক্ষামন্ত্রী সংবাদ সম্মেলন করে বিস্তারিত ফলাফল তুলে ধরবেন। শিক্ষার্থীরা সকাল সাড়ে ১০টায় ফলাফল পেয়ে যাবে। মন্ত্রণালয় জানায়, গত ৩০ এপ্রিল শুরু হওয়া এসএসসি পরীক্ষা মে মাসে শেষ হয়। তবে ঘূর্ণিঝড় মোখার কারণে কয়েকটি পরীক্ষা পিছিয়ে যায়। ২০২৩ সালের সংশোধিত ও পুনর্বিন্যাসকৃত সিলেবাসে এবং পূর্ণ নম্বর ও পূর্ণ সময়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়। মন্ত্রণালয়ের দেওয়া তথ্যমতে, এবারের এসএসসি ও সমমান পরীক্ষায় মোট পরীক্ষার্থী ছিল ২০ লাখ ৭২ হাজার ১৬৩ জন। এর মধ্যে ছাত্র ১০ লাখ ২১ হাজার ১৯৭ এবং ছাত্রী ১০ লাখ ৫০ হাজার ৯৬৬ জন। তবে পরীক্ষায় অনেক পরীক্ষার্থী অংশ নিতে পারেনি। মন্ত্রণালয়ের দেওয়া তথ্যমতে, ৯টি সাধারণ শিক্ষা বোর্ডে পরীক্ষার্থীর সংখ্যা ১৬ লাখ ৪৯ হাজার ২৭৫ জন। এর মধ্যে ছাত্র ৭ লাখ ৭৯ হাজার ৮৭০ জন এবং ছাত্রী ৮ লাখ ৬৯ হাজার ৪০৫ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে দুই লাখ ৯৫ হাজার ১২১ জন পরীক্ষার্থী অংশ নেবে। এর মধ্যে ছাত্র এক লাখ ৪৩ হাজার ৯৯৩ জন এবং ছাত্রী এক লাখ ৫১ হাজার ১২৮ ৩-এর পাতায় দেখুন

## আ. লীগ ক্ষমতায় না থাকলে জঙ্গিবাদ মাথাচাড়া দেবে

-- তথ্যমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** তথ্যমন্ত্রী হাছান মাহমুদ বলেছেন, বাংলাদেশ এখন একটি শক্তিশালী দেশ। বাংলাদেশ আওয়ামী লীগ ক্ষমতায় না থাকলে সাম্প্রদায়িক অপশক্তি ও জঙ্গিবাদ মাথাচাড়া দিয়ে উঠবে। সংখ্যালঘু সম্প্রদায় নিরাপত্তা অনিশ্চয়তার মধ্যে পড়ে যাবে। তিনি বলেন, ভোট এলে বিরোধীরা আওয়ামী লীগকে গালিগালাজ শুরু করে দেয়। ভারতের বিরোধিতা করে। তারা খুঁজে খুঁজে বের করে, হিন্দুদের কোন অনুষ্ঠানে কোথায়, কোন মন্ত্রী মাথায় টিপ পড়েছে বা প্রণাম করেছে। গতকাল বৃহস্পতিবার কলকাতা প্রেসক্লাবে সাংবাদিকদের মুখোমুখি শীর্ষক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। সেখানে তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। মন্ত্রী বলেন, বাংলাদেশের সাম্প্রদায়িক অপশক্তির বিরুদ্ধে যে দলটি সবসময় সংগ্রাম করেছে, অসাম্প্রদায়িক দল হিসেবে যে দলটি প্রতিষ্ঠিত, সেটি হলো বাংলাদেশ আওয়ামী লীগ। সাম্প্রদায়িক রাষ্ট্রব্যবস্থা থেকে বেরিয়ে এসে অসাম্প্রদায়িক রাষ্ট্র রচনার জন্যই জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মহান মুক্তিযুদ্ধের ডাক দিয়েছিলেন। হিন্দু-মুসলিম-বৌদ্ধ-খ্রিস্টান সবার একযোগে লড়াইয়ে, মিলিত ৩-এর পাতায় দেখুন

সনদ ছাড়াই ১৮ বছর

## শৈলকুপায় অবৈধ নিয়োগপ্রাপ্ত শিক্ষকের বেতন বন্ধের সুপারিশ



**শৈলকুপা প্রতিনিধি :** ২০০২ সালে এসএসসি, ২০০৪ সালে এইচএসসি পাস করেই তিনি হয়ে যান সহকারী শিক্ষক (কৃষি)। সমালোচনার ঝড় থামাতে পরবর্তী সময়ে ২০০৮ সালে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে বিএজিএড কোর্স সম্পন্ন করেও শেষ রক্ষা হয়নি কৃষি শিক্ষক বাবুল হোসেনের (ইনডেক্স-১০৫০০২৭)। উপজেলার নাগেরহাট মাধ্যমিক বিদ্যালয়ে বিগত ০৭-০২-২০০৫ তারিখে সহকারী শিক্ষক (কৃষি) পদে বিধিবর্হিভূত যোগদান করে অদ্যাবধি বহাল তবিয়তে বেতনভাতা গ্রহণ করছেন। নানা অভিযোগ ও বিজ্ঞ আদালতে মামলার প্রেক্ষিতে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের কর্মকর্তা মোহাম্মাদ মনকিউল হাসানাত ২০-০২-২০২১ তারিখে উক্ত বিদ্যালয় পরিদর্শন করেন। সরকারি বিধিমালা উপেক্ষা করে সনদ ছাড়াই চাকুরী দেওয়ায় বিদ্যালয়টির নিয়োগ সংক্রান্ত তথ্যে কৃষি শিক্ষক বাবুল হোসেন ও সহকারী ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে ইয়াবাসহ কুখ্যাত মাদক ব্যবসায়ী আলাল গ্রেফতার




**বাদশা ফরহাদ ,কালীগঞ্জ :** ঝিনাইদহের কালীগঞ্জে ইয়াবাসহ আলাল মন্ডল (৫০) নামে এক কুখ্যাত মাদক ব্যবসায়ী র‍্যাবের অভিযানে গ্রেফতার হয়েছে। গ্রেফতারকৃত মাদক ব্যবসায়ী উপজেলার খামার মুন্দিয়া গ্রামের আব্দুল আজিজ মন্ডলের ছেলে। সে কালীগঞ্জ থানার জিআর নং-১৯২/১৭ মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের ১৯ সারনীর ৯ (ক) ধারার মামলার ২ বছরের সাজাপ্রাপ্ত ওয়ারেন্টভুক্ত পলাতক আসামী। ঝিনাইদহ র‍্যাব ক্যাম্পের এক প্রেস বিজ্ঞপ্তির মধ্যেমে জানা গেছে, বুধবার ২-এর পাতায় দেখুন

## সমাবেশ করতে দুই দলকে মানতে হবে একই শর্ত

-- স্বরাষ্ট্রমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** রাজধানীতে সমাবেশ করতে হলে আওয়ামী লীগ ও বিএনপিকে একই শর্ত মেনে চলতে হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল। তিনি বলেন, রাস্তায় কোনো ঝামেলা করা যাবে না, জনদুর্ভোগ করা যাবে না। যদি তারা আইন মেনে সমাবেশ না করে, ৩-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে দৈনিক আজকের পত্রিকার দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের বর্নাঢ্য আয়োজনের মধ্য দিয়ে আজকের পত্রিকার দ্বিতীয় প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হয়েছে। প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে বৃহস্প্রতিবার সকাল ১১ টায় ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে থেকে একটি বর্ণাঢ্য র‍্যালি বের করা হয়। র‍্যালিটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে এসে শেষ হয়। র‍্যালিতে নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত হন। পরে প্রেসক্লাব মিলনায়তনে অনুষ্ঠিত হয় সংক্ষিপ্ত আলোচনা সভা। সেসময় প্রেসক্লাবের সহ-সভাপতি ফয়সাল আহমেদ, ২-এর পাতায় দেখুন

## দেশকে এগিয়ে নিতে নৌকায় ভোট দিতে হবে

-- রেলপথমন্ত্রী

**স্টাফ রিপোর্টার :** রেলপথমন্ত্রী ও পঞ্চগড়-২ আসনের সংসদ সদস্য অ্যাডভোকেট নুরুল ইসলাম সুজন বলেছেন, দেশের উন্নয়ন অব্যাহত রাখতে ও দেশকে আরও এগিয়ে নিতে আগামী নির্বাচনে আবার নৌকায় ভোট দিতে হবে। এসময় তিনি আত্মনির্ভরশীল দেশ হিসেবে উন্নত বিশ্বে মাথা উঁচু করে দাঁড়াতে, ভবিষ্যৎ প্রজন্মের কথা চিন্তা করে আবার নৌকা মার্কায় ভোট দেওয়ার আহ্বান জানান। গতকাল বৃহস্পতিবার দুপুরে পঞ্চগড়ের বোদা উপজেলা পরিষদ অডিটোরিয়ামে জাতীয় মৎস্য সপ্তাহের উদ্বোধনী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ৩-এর পাতায় দেখুন

## দরেসকিউদ'র উদ্যোগে চরাঞ্চলের পাঁচ শতাধিক পরিবারের মাঝে ফলজ বৃক্ষ বিতরণ




সরিষাবাড়ী(জামালপুর) প্রতিনিধি : তীব্র তাপদাহ থেকে পরিত্রাণ ও পুষ্টির চাহিদা পুরণের লক্ষ্যে বেসরকারী উন্নয়ন সংস্থা দরেসকিউদএর উদ্যোগে চরাঞ্চলের ৫ শতাধিক পরিবারের মাঝে ফলজ বৃক্ষ আম গাছের চারা বিতরণ করা হয়েছে। বুধবার (২৬জুলাই) জামালপুরের সরিষাবাড়ী উপজেলার আওনা ইউনিয়নের কূলপাল, দামদরপুর, টাকুরিয়া এলাকায় এ চারা গাছ বিতরণ করা হয়। প্রধান অতিথি হিসাবে ছিলেন, সরিষাবাড়ী উপজেলার নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ সাদ্দাম হোসেন। প্রধান অতিথি উপজেলা নির্বাহী কর্মকর্তার জনাব মোহাম্মদ সাদ্দাম হোসেন এর সম্মতিক্রমে, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠান আরম্ভ হয়, বক্তব্য রাখেন রেসকিউ এর মহাসচিব মোশাররফ হোসেন, পরিচালক সানোয়ার হোসেন, এশিয়া বাংলা কর্পোরেশন ব্যাবস্থাপনা পরিচালক মোঃ ফরিদুল ইসলাম, রেসকিউ এর শাখা ব্যাবস্থাপক জনাব গোলাম মোস্তফা, ইউপি সদস্য জনাব নজরুল ইসলামসহ বিভিন্ন গন্যমাণ্য ব্যাক্তিবর্গ। রেসকিউ বেসরকারি ২-এর পাতায় দেখুন



## শৈলকুপা দলিলপুর ব্লাড ডোনারস ক্লাবের আয়োজনে ক্যাম্পেইন অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** 'হাসুক রোগী বাঁচুক প্রাণ আমরা করব স্বেচ্ছায় রক্তদান' স্লোগানকে সামনে রেখে ঝিনাইদহের শৈলকুপায় ফ্রি ব্লাড গ্রুপ টেস্ট ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বেলা ১২টায় দলিলপুর ব্লাড ডোনারস ক্লাবের আয়োজনে উপজেলার লাঙ্গলবাধ আদিল উদ্দীণ ডিগ্রি কলেজ হলরুমে এ ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। ক্যাম্পেইন শুরুর পূর্বে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এসময় দলিলপুর ব্লাড ডোনারস ক্লাবের সাধারন সম্পাদক মোস্তাফিজুর রহমানের সভাপতিত্বে ২-এর পাতায় দেখুন

## সাতক্ষীরার কলারোয়া ও ভোমরা সীমান্তে ১০পিস স্বর্ণের বারসহ দু'জন গ্রেফতার




**সাতক্ষীরা প্রতিনিধি :** সাতক্ষীরার ভোমরা ও কলারোয়া সীমান্তে পুলিশ ও বিজিবির পৃথক অভিযানে ১০পিস স্বর্ণের বারসহ দুই ব্যক্তিকে আটক করা হয়েছে। গ্রেফতারকৃতরা হলো দেবহাটার কুলিয়া গ্রামের মোঃ রইস উদ্দীন মোড়লের ছেলে মোঃ রবিউল ইসলাম (৬০) এবং কলারোয়ার দক্ষিণ ভাদিয়ালী গ্রামের মৃত শামছুল হকের ছেলে আসলাম হোসেন (৫২)। কলারোয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাঃ মোস্তাফিজুর রহমানের জানান, বুধবার (২৬ জুলাই) সন্ধ্যায় কলারোয়া সীমান্ত এলাকায় অভিযান চালিয়ে আসলাম হোসেনকে গ্রেফতার করা হয়। সে সময় তার কাছ থেকে ৪টি স্বর্নের বার উদ্ধার করে পুলিশ। সেগুলো ভারতে পাচার করা হচ্ছিল। এ ঘটনায় মামলা হয়েছে।

এদিকে বিজিবি সাতক্ষীরা ৩৩ ব্যাটালিয়নের এক প্রেস নোটে জানানো হয়েছে, ২৬ জুলাই রাতে সাতক্ষীরা সদর উপজেলার ভোমরা সীমান্ড় হতে ৬টি স্বন্রে বার উদ্ধার করা হয়। ২-এর পাতায় দেখুন




## ঝিনাইদহের আমেনা খাতুন কলেজে দুর্নীতি প্রতিরোধ বিয়য়ে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার নারিকেলবাড়ীয়া আমেনা খাতুন কলেজ মিলনায়তনে দুর্ণীতি প্রতিরোধ বিয়য়ে বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বিতর্ক প্রতিযোগিতার বিষয় ২-এর পাতায় দেখুন

## দামুড়হুদায় দুদিনব্যাপি উপজেলা সাহিত্য মেলার উদ্বোধন




**রাসেল আহাম্মেদ :** চুয়াডাঙ্গার দামুড়হুদায় দুদিনব্যাপী উপজেলা সাহিত্য মেলার উদ্বোধন করা হয়েছে। বৃহস্পতিবার সকাল ১০টার দিকে সাংস্কৃতিক মন্ত্রনালয়ের পৃষ্ঠপোষকতায় ও দামুড়হুদা উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনায় দুদিনব্যাপী এই সাহিত্য মেলার উদ্বোধন করা হয়েছে। দামুড়হুদা উপজেলা অডিটোরিয়াম হলে এ উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা। প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু। প্রধান অতিথির বক্তব্যে বলেন, কবি-সাহিত্যিকরা সমাজের পথ প্রদর্শক। বাংলা সাহিত্য অনেক সমৃদ্ধ। সাহিত্যের প্রতি ২-এর পাতায় দেখুন

## ঢাবিতে ২৭ জনের পিএইচডি ও ১৫ জনের এমফিল ডিগ্রি লাভ

**স্টাফ রিপোর্টার :** ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে সম্প্রতি ২৭ জন গবেষক পিএইচডি, ১৫ জন এমফিল ও চারজন ডিবিএ ডিগ্রি অর্জন করেছেন। গতকাল বৃহস্পতিবার বিশ্ববিদ্যালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। গত ১৬ জুলাই অনুষ্ঠিত সিন্ডিকেটের এক সভায় তাদের এসব ডিগ্রি দেওয়া হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান সভায় সভাপতিত্ব করেন। পিএইচডি ডিগ্রিপ্রাপ্তরা হলেন- বাংলা বিভাগের অধীনে মো. ৩-এর পাতায় দেখুন

## মেহেরপুরে গাছ থেকে পড়ে স্কুল ছাত্রের মৃত্যু



**মেহেরপুর প্রতিনিধিঃ** মেহেরপুরের গাংনীতে আম গাছ থেকে পড়ে হাসিবুল ইসলাম (১৫) নামের এক যুবকের মৃত্যু হয়েছে। বৃহস্পতিবার সকাল ১১ টায় উপজেলার তেঁতুলবাড়িয়া ইউনিয়নের হিন্দা গ্রামে আম গাছের শুকনা ডাল কাটতে গিয়ে এ ঘটনা ঘটে।নিহত হাসিবুল ২-এর পাতায় দেখুন

## মুজিবনগরে উপজেলা সাহিত্যমেলা ও কবিতা উৎসব



**মেহেরপুর প্রতিনিধিঃ** মুজিবনগরে উপজেলা সাহিত্যমেলা ও কবিতা উৎসব অনুষ্ঠিত হয়েছে। মুজিবনগর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনায় বৃহস্পতিবার বিকেলে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে মুজিবনগরে উপজেলা সাহিত্যমেলা ও কবিতা উৎসবের আয়োজন করা হয়। মুজিবনগরে উপজেলা সাহিত্যমেলা ও কবিতা উৎসবে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, আমাদের যে আসল জায়গা যেটি আমাদের মন, যেটি আমাদের সবকিছুর চালিকা শক্তি, সেই জায়গা থেকে নিজেকে আরও বিকশিত করার, আরও শক্তিশালী করার এবং আরও উন্নত মানুষ হিসেবে নিজেদেরকে তৈরী করার যে জায়গা ২-এর পাতায় দেখুন



## "জীবন দক্ষতা উন্নয়ন বিষয়ক"৫ দিন ব্যাপি প্রশিক্ষণ অনুষ্ঠিত

**মেহেরপুর প্রতিনিধিঃ** দারিদ্র বিমোচন সংস্থার (ডিবিএস) আয়োজনে ৫ দিন ব্যাপি "জীবন দক্ষতা উন্নয়ন বিষয়ক" প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার গাংনী পৌরসভা কনফারেন্স রুমে ৫ দিনব্যাপী প্রশিক্ষনের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। প্রশিক্ষণে ২-এর পাতায় দেখুন



## মেহেরপুরে ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ী গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** মেহেরপুরের গাংনী উপজেলা শহরের বসুন্ধরাপাড়া এলাকা থেকে ২৩ পিস ইয়াবাসহ ২ মাদক ব্যবসায়ীকে গ্রেফতার করেছে র‍্যাব-১২। বুধবার বিকেলে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলো- গাংনী উপজেলার চেংগারা গ্রামের আরেফিন মন্ডলের ছেলে ফয়সাল হোসেন (২৭) ও বাঁশবাড়িয়া গ্রামের মৃত সিরাজুল ইসলাম ২-এর পাতায় দেখুন




সম্পাদকমন্ডলীর সভাপতি : আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) সম্পাদক ও প্রকাশক : আলী কদর পলাশ, ভারপ্রাপ্ত সম্পাদক : তানভীর হাসান (জিসান হাই),ব্যবস্থাপনা সম্পাদক : আশরাফুল আলম চঞ্চল, নির্বাহী সম্পাদক : তুহিন আরণ্য
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

